রাজধানীতে একদিনে ডিএমপির অভিযানে গ্রেপ্তার ৪৭৪ জন



ছবি: সংগৃহীত

রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এক দিনে ৪৭৪ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এসব অভিযানে ৪৮টি মামলা হয়েছে। উদ্ধার করা হয়েছে হাতবোমা, ধারালো অস্ত্র, বিপুল পরিমাণ মাদক ও ১১১টি মোবাইল ফোন।

শুক্রবার (২০ নভেম্বর) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপকমিশনার নিয়াজ মেহেদী গ্রেপ্তার ও উদ্ধারের এ তথ্য জানান।

ডিএমপির দেওয়া হিসাব অনুযায়ী, মিরপুর বিভাগে সবচেয়ে বেশি ১০৩ জন গ্রেপ্তার হয়েছেন। এ ছাড়া তেজগাঁওয়ে ৬৩, উত্তরা ৫৩, ওয়ারী ৫২, গুলশান ৪৮, মতিঝিল ৪৭, রমনা ৪০ ও লালবাগ বিভাগে ৫০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গোয়েন্দা বিভাগ গ্রেপ্তার করেছে ১৮ জনকে।

অভিযানে দুটি হাতবোমা, আটটি ছুরি, দুটি চাপাতি ও একটি রামদা উদ্ধার করা হয়। জব্দ করা হয় একটি অটোরিকশা ও ১১১টি মোবাইল ফোন। মাদকের মধ্যে রয়েছে ৫ হাজার ৭২০ পিস ইয়াবা, ৩৩ কেজি ২ গ্রাম গাঁজা ও পাঁচ বোতল দেশি মদ। এ ছাড়া একজন ভিকটিমকে উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) রাজধানীর বিভিন্ন থানা এলাকায় এসব অভিযান পরিচালিত হয়। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানান ডিএমপির এই কর্মকর্তা।